

নম্বর: ওচ.০০.০০০০.০০৮.১১.০১০.১৭-৫৬৮

০৪ আশ্বিন, ১৪২৬
তারিখঃ -----
১৯ সেপ্টেম্বর, ২০১৯

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় হতে নন-ক্যাডার পদের নিয়োগ (বিশেষ) বিধিমালা, ২০১০ অনুযায়ী ২৩ জুলাই ২০১৮ তারিখের ওচ.০০.০০০০.১১১.১১.০০৭.২০১৭-২২২ সংখ্যক স্মারকপত্রের মাধ্যমে সুপারিশকৃত নিম্নবর্ণিত প্রার্থীকে নন-ক্যাডার দ্বিতীয় শ্রেণীর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসেবে ২০১৫ সালের বেতন স্কেল অনুযায়ী গ্রেড-১২ টাকা-১১৩০০-২৭৩০০/-এ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:


ক্রমিক নং	রেজি: নং	নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা	নিয়োগপ্রাপ্ত উপজেলা/থানা
১	০৪৯৬০৩	মনিরা ইকবাল পিতা: ইকবাল হোসেন মাতা: সাঈদা বেগম	গ্রাম: কাচারী পাড়া ডাকঘর: উলিপুর-৫৬২০ থানা/উপজেলা: উলিপুর জেলা: কুড়িগ্রাম	গ্রাম: কাচারী পাড়া ডাকঘর: উলিপুর-৫৬২০ থানা/উপজেলা: উলিপুর জেলা: কুড়িগ্রাম	উলিপুর

২। এ নিয়োগের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবে:

- তাকে চাকুরীতে যোগদানের পর ২ বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে;
- শিক্ষানবিশকালে অযোগ্য বিবেচিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাকে চাকুরী হতে অপসারণ করা যাবে;
- শিক্ষানবিশকাল সন্তোষজনক বিবেচিত হলে বিধি মোতাবেক স্থায়ী করা হবে;
- তিনি বাংলাদেশের নাগরিক নন এমন ব্যক্তির সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হলে অথবা বিবাহের অঙ্গীকারাবদ্ধ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- সরকারের প্রচলিত বিধি বিধান, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান/আদেশ দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;
- এ চাকুরীতে নিয়োগের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না;
- তিনি প্রশিক্ষণবিহীন প্রার্থী হলে নিয়োগ আদেশ প্রাপ্তির পরবর্তী ০৩(তিন) বছরের মধ্যে তাঁকে ডিপ-ইন-এড প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;
- নিয়োগপ্রাপ্ত শিক্ষক কর্তৃক সরবরাহকৃত যে কোন তথ্য ও সনদপত্র মিথ্যা/ভূয়া/ত্রুটিপূর্ণ হলে নিয়োগ আদেশ বাতিল করা যাবে এবং প্রচলিত আইনের বিধান অনুযায়ী তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে;
- শিশুকে শারীরিক ও মানসিক নির্যাতন করা যাবে না, করলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- এ নিয়োগ সরকারি বিধি অনুযায়ী উপযুক্ত মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য এবং শারীরিক ও মানসিকভাবে যোগ্যতাসাপেক্ষ। যদি পরবর্তীতে তাঁর মেডিকেল রিপোর্টে শারীরিক বা মানসিক দুর্বলতা পরিলক্ষিত হয় তবে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এবং সরকারি কর্ম কমিশনের সংগে পরামর্শকরণ ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে তাঁকে চাকুরী হতে অব্যাহতি প্রদান করা হবে;
- এ নিয়োগ পুলিশ কর্তৃক তাঁর পূর্ব পরিচয় ও চরিত্র যাচাইসাপেক্ষ। পুলিশ প্রতিবেদনে যদি কোন বিরূপ তথ্য পাওয়া যায় তবে সরকারি কর্ম কমিশনের সংগে পরামর্শকরণ ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে তাঁকে চাকুরী হতে অব্যাহতি প্রদান করা হবে;
- নিয়োগপ্রাপ্ত প্রধান শিক্ষক আগামী ১৯/১০/২০১৯ তারিখের মধ্যে পদায়নকৃত কর্মস্থলে যোগদান করবেন। অন্যথায় তাঁর নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

- ড) প্রার্থী সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বরাবর যোগদান পত্র দাখিল করবেন। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার যোগদানপত্র গ্রহণপূর্বক পদায়ন করবেন। পদায়নকৃত প্রধান শিক্ষক উপজেলা শিক্ষা অফিসারের নিকট রিপোর্টপূর্বক সংশ্লিষ্ট বিদ্যালয়ে যোগদান করবেন। সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বরাবর যোগদানের তারিখই শিক্ষকের চাকুরীতে যোগদানের তারিখ হিসেবে গণ্য হবে;
- ঢ) নিয়োগকৃত শিক্ষকের বেতন ভাতাদি সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহের কোড নং-১২৪০২০৯০০০০০০-৩১১১২০১ সংশ্লিষ্ট খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(জাহানারা রহমান)

উপসচিব

ফোন: ৯৫৭৭২৫৫

নম্বর: ৩৮.০০.০০০০.০০৮.১১.০১০.১৭-৫৬৮

০৪ আশ্বিন, ১৪২৬
তারিখঃ -----
১৯ সেপ্টেম্বর, ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৪। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ।
- ৬। পরিচালক (আইএমডি/পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
- ৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
- ৮। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
- ৯। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
- ১০। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর।
- ১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
- ১৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুড়িগ্রাম।
- ১৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, উলিপুর, কুড়িগ্রাম।
- ১৬। উপজেলা/থানা শিক্ষা অফিসার, উলিপুর, কুড়িগ্রাম (প্রার্থীকে অবহিতকরণ নিশ্চিতের জন্য)।
- ১৭। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
- ১৮। যুগ্মসচিব (বিদ্যালয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
- ১৯। জনাব মনিরা ইকবাল, পিতা- ইকবাল হোসেন, গ্রাম- কাচারী পাড়া, উপজেলা- উলিপুর, জেলা- কুড়িগ্রাম।
- ২০। সংরক্ষণ নথি।



(জাহানারা রহমান)

উপসচিব